



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা

www.mopme.gov.bd

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

নম্বর- ৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-২৪৯

বিষয়: সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২২ এর আলোকে কার্যক্রম গ্রহণ।

- সূত্র: (১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৫.১৯.০০৩.২১-৮-২৭, তারিখ: ১৪/০৮/২০২২ খ্রি:।
(২) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৫.১৯.০০৩.২১-৮-৫৫, তারিখ: ২৫/০৮/২০২২ খ্রি:।
(৩) এ মন্ত্রণালয়ের বিদ্যালয়-২ শাখার স্মারক নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-২৪৮, তারিখ: ১১/০৯/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের সকল সরকারি কর্মচারী বদলি কার্যক্রম সম্পন্নকরণার্থে ইতোমধ্যে “সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা ২০২২” জারি করা হয়েছে এবং উক্ত নির্দেশিকার আলোকে আগামী ১৫/০৯/২০২২ তারিখ হতে অনলাইন বদলি কার্যক্রম শুরু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণের বদলি কার্যক্রম আগামী ১৫/০৯/২০২২ তারিখ শুরুর লক্ষ্যে নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল ও প্রক্রিয়াকরণসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং অনুমোদিত নির্দেশিকার আলোকে ০৩ (তিন) বছর বা তদুর্ধ্ব মেয়াদে ও নিজ জেলায় কর্মরত কর্মচারীদের বদলির কার্যক্রম আগামী ১৫/০৯/২০২২ তারিখ হতে শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Mudhu
12.09.2022
(মোহাম্মদ কবির উদ্দীন)
উপসচিব

ফোন: +৮৮-০২-৯৫৭৭২৫

ইমেইল- sassch2@mopme.gov.bd

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

নম্বর- ৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-২৪৯

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ০৪। জেলা প্রশাসক (সকল)।
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ০৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ০৯। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

Mudhu
12.09.2022
(মোহাম্মদ কবির উদ্দীন)
উপসচিব।